



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.৯৯.০০১.২০- ০৪

তারিখ: ১৯ পৌষ ১৪২৭
০৩ জানুয়ারি ২০২১


বিষয়: কোভিড-১৯ পরিস্থিতির কারণে নতুন শিক্ষাবর্ষে উত্তীর্ণ শিক্ষার্থীদের শ্রেণি রোল নাম্বার এর পরিবর্তে ID নাম্বার প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ মহামারীর কারণে শিক্ষার্থীদের সুরক্ষার জন্য ২০২১ শিক্ষাবর্ষে মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ থেকে ১০ শ্রেণি পর্যন্ত) প্রাতিষ্ঠানিক বার্ষিক পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয়নি। তবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনায় এ্যাসাইনমেন্ট ভিত্তিক মূল্যায়ন কার্যক্রম সারাদেশে সফলভাবে সম্পন্ন হয়েছে। এ মূল্যায়নের ভিত্তিতে শিক্ষার্থীদের রোল নাম্বার প্রদান যথাযথ হবে কিনা তা নিয়ে অভিভাবকদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া রয়েছে। এছাড়াও রোল নাম্বার প্রথা শিক্ষার্থীদের মাঝে প্রতিযোগিতা ও প্রতিদ্বন্দ্বিতা তৈরি করে যা শেষ পর্যন্ত গুণগত শিক্ষা অর্জনের ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়ায়। গুণগত শিক্ষা অর্জনে প্রতিদ্বন্দ্বিতার মনোভাব নয় বরং শিক্ষার্থীদের মধ্যে সহযোগিতা মূলক মানসিকতা তৈরি করা প্রয়োজন; এক্ষেত্রে রোল নাম্বার প্রথার পরিবর্তে ID নাম্বার ব্যবহার অনুকূল পরিবেশ তৈরি করবে। শিক্ষার্থীদেরকে নিম্নলিখিতরূপে ID নাম্বার প্রদান করা যায়।

০১। দৈবচয়ন পদ্ধতিতে আইডি নাম্বার প্রদান করা যায়।

০২। শিক্ষার্থীর নামের বানানের বর্ণ ক্রমানুসারে (Alphabetic Order) আইডি প্রদান করা যায়।

এমতাবস্থায় উল্লিখিত বিবরণীর আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে উপরোধ করা হলো।


০৬/০১/২০২১
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
ফোন ৯৫৫৩৫৪২
ইমেইল-dg@gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ৩। জেলা শিক্ষা অফিসার (সকল জেলা)
- ৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা (সকল সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়)
- ৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা)

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.৯৯.০০১.২০-

তারিখ: ১৯ পৌষ ১৪২৭
০৩ জানুয়ারি ২০২১

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১ ও ২)]
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, (সকল)।
- ৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ৪। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৫। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক (সকল জেলা)
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস.সেল, মাউশি, ঢাকা।
[মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৯। সংরক্ষণ নথি।


০৬.০১.২০২১
মোহাম্মদ আজিজ উদ্দিন
উপপরিচালক (মাধ্যমিক)
ফোন ৪১০৫০২৮৩
ইমেইল- dddshessecondary@gmail.com